



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৮নং বোদা ইউনিয়ন পরিষদ
 উপজেলাঃ বোদা, জেলাঃ পঞ্চগড়।

অধ্যকার সভায় ইউ, পি চেয়ারম্যান জনাব অখিল চন্দ্র ঘোষ কে সভাপতি করিয়া সভার কাজ শুরু করা হইল।


১নং আলোচ্য সূচীঃ- অধ্যকার সভায় গত অধিবেশনের মন্তব্য সমূহ পাঠ করা হইল। ইহাতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা হইল।

২নং আলোচ্য সূচীঃ- অধ্যকার সভায় আগামী ২০২৩-২৪ ইং অর্থ বছরের অথবা গেজেট অনুমোদন সাপেক্ষে সভাপতি মহোদয় সদস্যগণের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানান যে, অধ্যকার তারিখের অনুমতি ক্রমে ইউ,পি সচিবের প্রণীত ২৫/০৫/২০২৩ইং তারিখের উনুজ সভার খসড়া বাজেটটি আলোচনা পর্যালোচনা অতি আবশ্যিক। তাই আয় ও ব্যয়ের খাতওয়ারী পূণঃ পর্যবেক্ষণ ও পর্যালোচনা করিয়া সকল সদস্যবৃন্দের সর্ব সম্মতিক্রমে আর্থিক সন ২০২৩-২৪ ইং অর্থ বছরের সর্বমোট সম্ভাব্য আয় ৬৭,৭৭,৫৮০/- সাতষষ্টি লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত আশি টাকা) টাকা মাত্র এবং মোট সম্ভাব্য ব্যয় ৬৭,৭৭,৫৮০/- সাতষষ্টি লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত আশি টাকা) টাকার বাজেটটি অনুমোদন করা হয়। তবে সরকারী উন্নয়ন তহবিল থেকে বরাদ্দ সরকারী নিয়মে কম বা বেশী হতে পারে। আগামী অর্থ বছর ২০২৩-২৪ ইং সালে বাজেট মোট আয় ও ব্যয়ের পরিমাণ পরিবর্তন পূর্বক সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

আগামী ২০২৩-২৪ ইং অর্থ বছরের স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ আইন ২০০৯) এর ধারা ৫৭ অনুমোদন বাস্তবায়ন সাপেক্ষে উক্ত বাজেটটি এলাকার সকল জনগণের উন্নয়নের সহায়ক হইবে।

অনুমোদিত বাজেটটি পর্যালোচনা ও মতামতের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বরাবর প্রেরণ করার জন্য সদস্যবৃন্দ সভাপতি সাহেবকে অনুরোধ জানান।

সভায় বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


 অখিল চন্দ্র ঘোষ
 চেয়ারম্যান
 (অখিল চন্দ্র ঘোষ) বদ
 বোদা, পঞ্চগড়।
 চেয়ারম্যান
 ৮নং বোদা ইউনিয়ন পরিষদ,
 বোদা, পঞ্চগড়।